ইউক্রেনে রাশিয়ার ভয়াবহ ক্ষেপণাস্ত্র হামলা



ছবি: সংগৃহীত

ইউক্রেনের রাজধানী কিয়েভে রোববার ভোরে বড় ধরনের ক্ষেপণাস্ত্র ও ড্রোন হামলা চালিয়েছে রাশিয়া। হামলায় একজন নিহত এবং নারী-শিশুসহ অন্তত ২৩ জন আহত হয়েছেন। এতে আবাসিক ভবন, স্কুল ও বিভিন্ন স্থাপনা ক্ষতিগ্রস্ত হয়েছে বলে জানিয়েছে স্থানীয় প্রশাসন।

স্থানীয় সময় রাত ১টার পর কিয়েভজুড়ে একের পর এক বিস্ফোরণের শব্দ শোনা যায়। হামলার আগে ইউক্রেনীয় বিমান বাহিনী সতর্ক করে জানায়, রাশিয়া অত্যাধুনিক 'ওরেপনিক' ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র ব্যবহার করতে পারে। তবে পরে এ ধরনের ক্ষেপণাস্ত্র ব্যবহারের বিষয়টি নিশ্চিত করা হয়নি।

কিয়েভের মেয়র ভিটালি ক্লিচকো জানান, শেভচেঙ্কো এলাকায় একটি ৯ তলা ভবনে আঘাত হানলে একজন নিহত হন। হামলার পর ভবনটিতে আগুন লাগে এবং উদ্ধার অভিযান শুরু করে ফায়ার সার্ভিস। একই এলাকায় একটি স্কুলের আশ্রয়কেন্দ্রের প্রবেশপথ ধসে পড়ায় কয়েকজন মানুষ আটকা পড়েন।

শহরের সামরিক প্রশাসনের তথ্যমতে, কিয়েভ শহরে অন্তত ২০ জন আহত হয়েছেন। এছাড়া কিয়েভ অঞ্চলের বাইরে আরও তিনজন আহত হওয়ার তথ্য দিয়েছেন গভর্নর মাইকোলা কালাশনিক।

এর আগে প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি সতর্ক করেছিলেন, রাশিয়া বড় ধরনের হামলার প্রস্তুতি নিচ্ছে। সম্প্রতি রাশিয়া নিয়ন্ত্রিত লোহানস্ক অঞ্চলে ড্রোন হামলার ঘটনায় মস্কো ইউক্রেনকে দায়ী করে পাল্টা জবাবের হুমকি দিয়েছিল। এরপরই কিয়েভে এই ব্যাপক হামলা চালানো হয়।